

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা অহম্মদুল হোসেন মানিক মিয়া

## জেএসসি-জেডিসি পরীক্ষার প্রথম দিনে অনুপস্থিত চার সহস্রাধিক

 ০২ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

### ইত্তেফাক ডেস্ক

বৃহস্পতিবার সারাদেশে একযোগে শুরু হয়েছে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র মাদ্রাসা সার্টিফিকেট (জেডিসি) সমাপনী পরীক্ষা। পরীক্ষার প্রথম দিনে বরিশালে ৩২৫৬জনসহ দেশের বিভিন্ন স্থানে চার সহস্রাধিক শিক্ষার্থী অনুপস্থিত হওয়ার খবর পাওয়া গেছে। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর:

বরিশাল: জেএসসি পরীক্ষার প্রথমদিনেই বাংলা প্রথমপত্রে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতায় ১৭৪টি কেন্দ্রে তিন হাজার ২৫৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলো। পাশাপাশি পরীক্ষায় আটজন পরীক্ষার্থী বহিস্কার হয়েছে।

শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আনোয়ারুল আজিম সত্যতা নিশ্চিত করে জানান, বহিস্কার হওয়া পরীক্ষার্থীদের মধ্যে ভোলা জেলায় চারজন, বরিশালে দুইজন ও বরগুনায় দুইজন। অপরদিকে অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে বরিশালে ৮২২জন, ঝালকাঠিতে ৩৩৮জন, পিরোজপুরে ৩৭২জন, পটুয়াখালীতে ৬৩৫জন, বরগুনায় ৩৩৮জন ও ভোলা জেলায় ৭৫১জন পরীক্ষার্থী। তিনি আরো জানান, এবার শিক্ষা বোর্ডের অধীনে এক লাখ ১৯ হাজার ৭৫ জন পরীক্ষার্থীর অংশগ্রহণের কথা ছিলো। যারমধ্যে ৫৫ হাজার ৫১৫ জন ছাত্র আর ৬৩ হাজার ৫৬০ জন ছাত্রী।

আগৈলঝাড়া (বরিশাল): বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে বরিশালের আগৈলঝাড়ায় নকল মুক্ত, শান্তিপূর্ণ পরিবেশে জেএসসি, জেডিসি ও কারিগরি শিক্ষা বোর্ডের প্রথম দিনে বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। উপজেলার ৫টি কেন্দ্রে জেএসসি, ১টি কেন্দ্রে জেডিসি ও ৩টি কেন্দ্রে জেএসসি ও জেডিসির পরীক্ষা হয়েছে।

ভাঙ্গারিয়া (পিরোজপুর): পিরোজপুরের ভাঙ্গারিয়ায় জেএসসি ও জেডিসি পরীক্ষায় ৩৮টি স্কুল এবং ৩৮টি মাদ্রাসা থেকে ৬টি কেন্দ্রে ৩ হাজার ১৩০জন পরীক্ষার্থী অংশ নেওয়ার কথা থাকলেও তার মধ্যে অনুপস্থিত ছিল মোট ১৫৩জন। এর মধ্যে স্কুল পর্যায়ে ২ হাজার ৬৬জন ও মাদ্রাসায় ১হাজার ৬৪জন। অনুপস্থিত এর মধ্যে স্কুল পর্যায়ে ৭১জন এবং মাদ্রাসায় ৮২ জন।

নিকলী (কিশোরগঞ্জ): কিশোরগঞ্জের নিকলী উপজেলায় জেএসসি ও জেডিসি পরীক্ষার জন্য দুই হাজার ১১৮ জন শিক্ষার্থী নিবন্ধন করে। পরীক্ষার প্রথম দিনে ৬০ জন অনুপস্থিত ছিল।

লালমোহন (ভোলা): ভোলার লালমোহনে জেএসসি ও জেডিসি পরীক্ষার প্রথম দিনেই পরীক্ষায় অংশ নেয়নি ২৭৪ জন শিক্ষার্থী। এর মধ্যে জেএসসিতে ১৮৩ জন এবং জেডিসিতে ৯১ জন।

মির্জাপুর (টাঙ্গাইল):টাঙ্গাইলের মির্জাপুরে পরীক্ষা দিচ্ছে ৭ হাজার শিক্ষার্থী। প্রথম দিনে অনুপস্থিত ছিল ১২২ জন। এর মধ্যে ছাত্র ২৩ জন এবং ছাত্রী ৬০ জন। অপর দিকে উপজেলার ১৪টি মাদ্রাসা থেকে জেডিসি পরীক্ষা দিচ্ছে ৪৬০ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্র ২৫৮ জন এবং ছাত্রী ২০২ জন। প্রথম দিনে অনুপস্থিত ছেলে ৩৯ জন পরীক্ষার্থী।

স্বরূপকাঠি (পিরোজপুর):প্রথমবারের মতো সিসি ক্যামেরার আওতায় পিরোজপুরের স্বরূপকাঠিতে জেএসসি ও জেডিসি শুরু হয়েছে। উপজেলায় ৬টি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত প্রথমদিনের পরীক্ষায় ৮৮ জন শিক্ষার্থী অনুপস্থিত রয়েছে। এর মধ্যে জেএসসিতে অনুপস্থিত ৬৬ জন এবং জেডিসিতে কোরআন মজিদ ও তাজবিদ বিষয়ে ২২ জন।

সখীপুর (টাঙ্গাইল):টাঙ্গাইলের সখীপুর উপজেলার ৭টি কেন্দ্রে ৭৭ জন ছাত্রী অনুপস্থিত ছিল। এদের মধ্যে ৬১ ছাত্রী জেএসসি ও ১৬ ছাত্রী জেডিসি পরীক্ষার্থী ছিল। এছাড়াও ৬২ জন ছাত্রও অনুপস্থিত রয়েছে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত